অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহকে ধার প্রদান করে এমন প্রতিষ্ঠানের সমর্থনে উপদেষ্টা পরিষদ গঠনের ঘোষণা দিলেন

পরিকল্পনায় ফেডারেল অনুমোদন পাওয়ার পর যেই ক্ষুদ্র ব্যবসাসমূহের সর্বাধিক প্রয়োজন তাদের 150 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের জন্য CDFI-র সাথে অংশীদারিত্ব করার প্রস্তাবনা

কৃষ্ণাঙ্গ ও বাদামি সম্প্রদায়সমূহের সমর্থনে NAACP নিউ ইয়র্ক স্টেট কনফারেন্সের প্রেসিডেন্ট ডাঃ হেজেল ডিউকসের সাথে আর্থিক ক্ষমতায়নের গোলটেবিল বৈঠক করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ব্রঙ্কসে দ্য ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ কালার্ড পিপল (The National Association for the Advancement of Colored People, NAACP) নিউ ইয়র্ক স্টেট কনফারেন্সের প্রেসিডেন্ট ডাঃ হেজেল ডিউকসের সাথে একটি গোলটেবিল বৈঠক আয়োজন করেন যেটির মূল বিষয় ছিল কীভাবে নিউ ইয়র্ক স্টেট কৃষ্ণাঙ্গ ও বাদামি সম্প্রদায়সমূহের মধ্যে অর্থনৈতিক পুনরুদ্ধার শুরু করা যায়, এবং আর্থিক ব্যবস্থায় অনুবিদ্ধ কাঠামোগত বর্ণবাদের বিরুদ্ধে লড়াই করতে এবং অশ্বেতাঙ্গ সম্প্রদায়ের জন্য উদ্ভাবনী সম্প্রদায়ে ধার দেওয়ার কর্মসূচি এবং অর্থনৈতিক বিকাশ পরিষেবার সমর্থনে নতুন প্রচেষ্টা ঘোষণা করেছেন। অনুষ্ঠানটি সম্প্রদায়ের নেতৃবৃন্দ, কমিউনিটি ডেভেলপমেন্ট আর্থিক প্রতিষ্ঠানসমূহ (Community Development Financial Institutions, CDFI), মাইনরিটি ডিপোজিটরি প্রতিষ্ঠানসমূহ (Minority Depository Institutions, MDI), ক্রেডিট ইউনিয়নসমূহ এবং ক্ষুদ্র ব্যবসায়ের মালিকদের একত্রিত করেছে।

"মহামারী অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহকে অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করেছে, জাতিগত সম্পদের তারতম্য বৃদ্ধি করেছে এবং আমাদের আর্থিক ব্যবস্থায় অনুবিদ্ধ কাঠামোগত বর্ণবাদকে উন্মোচন করেছে যা নিউ ইয়র্কবাসীকে আর্থিক সমৃদ্ধি অর্জন করা থেকে বিরত রাখছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের জন্য যোগাযোগের পথ খুলে দেওয়া, এই কাজের সম্মুখসারির সংগঠনসমূহকে উঠতে সাহায্য করা, এবং সর্বাধিক কার্যকর সমাধান খুঁজতে একত্রে কাজ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার প্রশাসন সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে আর্থিক কলাকৌশল ও পরিষেবা প্রদানকারী সম্প্রদায়ে ধার দেওয়া প্রতিষ্ঠানসমূহকে সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এবং নতুন এই উপদেষ্টা পরিষদ এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে মহামারী থেকেই আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধার যেন সকল নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায্য ও সমান হয়।"

CDFI এবং MDI গুলি হলো মিশনকেন্দ্রিক আর্থিক প্রতিষ্ঠান যারা ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত ও ব্যাঙ্কের সাথে সামান্য বা কোনও সম্পর্ক না থাকা সম্প্রদায়সমূহের জন্য, বিশেষ করে অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহের জন্য আর্থিক পরিষেবা ও পণ্য উপলভ্য করতে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

অনুষ্ঠানে গভর্নর হোকল ঘোষণা দিলেন যে, স্টেটের পরিকল্পনা ফেডারেল অনুমোদন পাওয়ার পর, যেই ক্ষুদ্র ব্যবসাসমূহের সর্বাধিক প্রয়োজন তাদের 150 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের জন্য CDFI-র সাথে স্টেটের অংশীদারিত্ব করতে তার পরিকল্পনা রয়েছে। এটি হলো গভর্নর হোকলের 2023 অর্থবছরের বাজেটের অংশ যেখানে ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য নজিরবিহীন সহায়তা প্যাকেজের প্রস্তাবনা করা হয়েছে, যার মধ্যে রয়েছে আগামী কয়েক বছরে ফেডারেল স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের (State Small Business Credit Initiative) মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে 500 মিলিয়নের বেশি মার্কিন ডলার।যেসকল ক্ষুদ্র ব্যবসায়ের প্রয়োজন সর্বাধিক তাদের পর্যন্ত পৌঁছাতে মাঠপর্যায়ে আমাদের অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে হবে, যাদের মধ্যে আছে CDFI সমূহ, MDI সমূহ, এবং ক্রেডিট ইউনিয়নসমূহ। স্টেটের পরিকল্পনায় ফেডারেল অনুমোদন পাওয়ার পর এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে কাজ করে এই তহবিল পরিচালনা করবেন।

গভর্নর হোকল এছাড়াও নিউ ইয়র্ক স্টেট-চার্টার্ড CDFI ও MDI গুলির জন্য একটি নতুন উপদেষ্টা পরিষদ ঘোষণা করেছেন যার নেতৃত্ব দিবে ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্টের (Department of Financial Services, DFS) সুপারিন্টেন্ডেন্ট এড্রিয়ান হ্যারিস। নতুন পরিষদটি অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহকে সমর্থন করার জন্য এবং তাদের চাহিদা পূরণ নিশ্চিত করার জন্য নিউ ইয়র্কের CDFI ও MDI গুলির বিশেষ উদ্বেগকে উত্থিত করবে। একটি কার্যরত এবং সক্রিয় ফোরাম হিসেবে, নতুন পরিষদ প্রবিধান আধুনিকায়ন করা এবং প্রতিষ্ঠানগুলি যাতে তাদের সম্প্রদায়সমূহকে আরো ভালো সেবা প্রদান করতে সে ব্যাপারে সমর্থন করার পন্থা নিয়ে আলোচনা করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেটের CDFI গুলি কোভিড-19 মহামারীর সময় অনেক ক্ষুদ্র ব্যবসায়ের জন্য অতি গুরুত্বপূর্ণ মূলধন সহায়তা করে এবং সাধারণত সুবিধাবঞ্চিত ব্যবসাসমূহকে স্টেট ও ফেডারেল তহবিলের সাথে যুক্ত করে দিয়ে তাদের লাইফলাইন হয়ে ছিলো। গভর্নর হোকলের নেতৃত্বাধীন, তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে থাকবে যেহেতু আমরা আরো অন্তর্ভুক্তিমূলক এবং সম্পূর্ণ অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য কাজ করছি।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্টের সুপারিন্টেন্ডেন্ট এড্রিয়ান হ্যারিস বলেন, "CDFI এবং MDIগুলি হলো সংখ্যালঘু সম্প্রদায়সমূহতে সম্পদ গঠন করার এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য কাজ করবে এমন একটি টেকসই আর্থিক ব্যবস্থা তৈরি নিশ্চিত করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ অনুঘটক। ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্টের উপদেষ্টা পরিষদ (Department of

Financial Services Advisory Council) আমাদের নিউ ইয়র্ক স্টেট চার্টার্ড CDFI/MDI গুলির জন্য একটি একটি জরুরি ফোরাম প্রদান করবে, এবং ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্টকে এইসব প্রতিষ্ঠানের সাথে একযোগে কাজ করে ক্ষুদ্র ব্যবসা স্থাপন ও বিকাশ, কর্মসংস্থান এবং অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি সমর্থন করবে।"

কাজটি ক্ষুদ্র ব্যবসাসমূহকে সমর্থন করার জন্য গভর্নরের 1 বিলিয়ন মার্কিন ডলার পরিকল্পনার উপর ভিত্তি করে হচ্ছে। পরিকল্পনাটি ভবিষ্যতের ক্ষুদ্র ব্যবসাসমূহের প্রবৃদ্ধি ও ধরে রাখার জন্য, কোভিড সম্পর্কিত ব্যয় বৃদ্ধি হওয়া ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য কর ক্রেডিট, নতুন ব্যবসা স্থাপনের জন্য সিড তহবিল, প্রাথমিক পর্যায়ে থাকা ব্যবসাসমূহের জন্য নমনীয় অনুদান প্রদান, ক্ষুদ্র ব্যবসাকে ধার দেওয়া বৃদ্ধি করা, এবং ক্ষুদ্র ব্যবসাসমূহকে চুক্তি নিশ্চিত করতে সাহায্য করার জন্য বিনিয়োগ করবে। দ্য আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্টের (The American Rescue Plan Act) অংশ স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের অধীনে এই মাসের শুরুর দিকে মার্কিন ট্রেজারিতে (U.S. Treasury) জমাকৃত নিউ ইয়র্ক স্টেটের পরিকল্পনা ফেডারেল অনুমোদন পাওয়ার ফলে, প্রশাসন যেসকল ক্ষুদ্র ব্যবসাসমূহের সর্বাধিক প্রয়োজন তাদের মিলিয়ন মিলিয়ন ডলার তহবিল পৌঁছে দেওয়ার জন্য CDFI-র সাথে কাজ করবে। এছাড়াও গভর্নর নিউ ইয়র্ক স্টেটজুড়ে ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত এবং নিম্ন আয়ের সম্প্রদায়সমূহের জন্য নিরাপদ ও সামর্থ্যের মধ্যে ব্যাংকিং সেবা উপলভ্য করা সমর্থন করতে পাঁচ বছর ধরে CDFIগুলিকে 5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করতে স্টেটের অব্যাহত প্রতিশ্রুতি নিয়েও আলোচনা করেন। DFS এবং ESD সম্প্রতি নিউ ইয়র্ক স্টেট কমিউনিটি ডেভেলপমেন্ট আর্থিক প্রতিষ্ঠান তহবিল (New York State Community Development Financial Institution Fund) থেকে প্রথম অর্থদানসমূহের ঘোষণা দিয়েছে।

সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "সিনেট ব্যাংকস কমিটির (Senate Committee on Banks) চেয়ারম্যান হিসেবে, আমি গভর্নর হোকলকে এই প্রচেষ্টায় সমর্থন করতে পেরে গর্বিত যা কঠোর প্রবিধান হ্রাস করে ক্ষুদ্র ব্যবসা মালিকদের সাহায্য করবে এবং একই সাথে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে ব্যাঙ্কের ধার প্রদান বৃদ্ধি করবে। যেসকল নিউ ইয়র্কবাসী প্রাক-মহামারী স্থিতিশীলতা ও প্রবৃদ্ধিতে ফেরত যেতে সংগ্রাম করছে তাদের জন্য স্টেটের করা এই আর্থিক বিনিয়োগ বিশেষ করে গুরুত্বপূর্ণ।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "আমাদের নিম্ন আয়ের এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে ব্যাংকিং ও আর্থিক সেবা লাভের সুযোগের অভাব অনেক বেশি নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করে, বিশেষ করে আমাদের অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহকে। CDFI এবং MDIগুলি ব্যাঙ্কের সাথে সামান্য বা কোনও সম্পর্ক না থাকা ব্যবসা, ব্যক্তি, এবং আরো অনেকের জন্য অতি জরুরি আর্থিক পরিষেবা ও পণ্য প্রদান করে আমাদের ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির ক্ষমতায়ন করছে। যখন আমরা আমাদের ব্যাংকিং ও আর্থিক খাতকে আরো ন্যায্য করার নতুন পন্থা খুঁজছি, তখন বিশেষ করে স্থানীয় উদ্বেগ সমাধানে এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে ব্যাঙ্কের সাথে সামান্য বা কোনও সম্পর্ক না থাকা সম্প্রদায়সমূহকে সমর্থন করার জন্য নতুন একটি পরিষদ গঠনকে আমি স্বাগত জানাচ্ছি। আমি এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি, এবং অ্যাসেম্বলি ব্যাংকস কমিটির (Assembly Banks Committee) প্রধান হিসেবে নিউ ইয়র্কের সকল সম্প্রদায়, কিন্তু বিশেষ করে অশ্বেতাঙ্গ সম্প্রদায়,

যাতে আমাদের ব্যাংকিং ও আর্থিক সেবা খাতে ন্যায্য ও সমান সেবা পায় তা নিশ্চিত করতে তার সাথে কাজ করার জন্য উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন